ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

## সংবাদ বিজ্ঞপ্তি

# ৯ ডিসেম্বর আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস

**ঢাকা, ৮ ডিসেম্বর ২০১১:** আগামীকাল ৯ ডিসেম্বর আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস । দুর্নীতিবিরোধী আন্দোলন জোরদার করার লক্ষ্যে জাতিসংঘ কর্তৃক ২০০৩ সালে ৯ ডিসেম্বর আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস হিসেবে নির্ধারিত হয়। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ২০০৪ সাল থেকে আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস উদ্‌যাপন করে আসছে। টিআইবি এই দিবস উদ্‌যাপনের মাধ্যমে সাধারণ জনগণ বিশেষত তরবণ প্রজন্মের মাঝে দুর্নীতিবিরোধী সচেতনতা সৃষ্টি এবং দুর্নীতি প্রতিরোধে দুর্নীতিবিরোধী সনদের ভূমিকা সম্পর্কে অবহিত করে থাকে ।

‘স্বাধীনতার গৌরবময় চলিৱশ: চাই সুশাসন-দুর্নীতি প্রতিরোধ’ প্রতিপাদ্য নিয়ে প্রতিবছরের মত টিআইবি বিভিন্ন কার্যক্রমের মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপন করছে। এর মধ্যে বিতর্ক প্রতিযোগিতা, এসএমএস ক্যাম্পেইন, তরবণ সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান, দুর্নীতিবিরোধী কার্টুন প্রদর্শনী, মানববন্ধন উলেৱখযোগ্য। টিআইবি ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সাথে সহযোগিতায় **১** ডিসেম্বর থেকে ৩ ডিসেম্বর পর্যন্ত **১০ম** আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে। প্রতিযোগিতায় দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৩২ টি শিৰাপ্রতিষ্ঠান থেকে বিতার্কিকগণ অংশগ্রহণ করেন। বিতর্কের মূল বিষয়বস্তু ছিল ‘দুর্নীতি ও সুশাসন’।

গত ৫ ডিসেম্বর ২০১১ টিআইবির সহযোগিতায় দেশের শীর্ষস্থানীয় জাতীয় সংবাদপত্র ‘প্রথম আলো’র সাপ্তাহিক কৌতুক ম্যাগাজিন ‘রস+আলো’ দুর্নীতির উপরে প্রকাশিত হয়। ‘মুক্তির গানে হোক দুর্নীতি প্রতিরোধ’- শেৱাগানকে ধারণ করে টিআইবির অনুপ্রেরণায় তরবণ স্বেচ্ছাসেবকদের নিয়ে গঠিত ঢাকা ইয়েস (ইয়ুথ এনগেইজমেন্ট এ্যান্ড সাপোর্ট) ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পীসহ খ্যাতিমান শিল্পীবৃন্দের অংশগ্রহণে ধানমন্ডির রবীন্দ্র সরোবর মুক্তমঞ্চে আজ বিকেল ৪টায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে।

বিটিআরসির সহযোগিতায় টিআইবি ‘স্বাধীনতার গৌরবময় চলিৱশ: চাই সুশাসন-দুর্নীতি প্রতিরোধ’ প্রতিপাদ্য সম্বলিত একটি ৰুদে বার্তা ক্যাম্পেইনের আয়োজন করেছে যা আগামীকাল ৯ ডিসেম্বর , ২০১১ দেশের সকল অপারেটরের মুঠোফোন ব্যবহারকারিদের কাছে প্রেরণ করা হবে।

দিবসটি উদ্‌যাপন উপলৰে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারবকলা বিভাগের সামনে আগামীকাল ৯ ডিসেম্বর, বিকেল ৩:৩০ মিনিটে একটি মানববন্ধন অনুষ্ঠিত হবে এবং বিকেল ৪টায় জয়নুল গ্যালারীতে ৮ দিনব্যাপী দুর্নীতিবিরোধী কার্টুন প্রদর্শনীর উদ্বোধন ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে উলেৱখ্য, দিবস উদ্‌যাপন উপলৰে পৰকালব্যাপী ঢাকাসহ দেশের আরো ৪৫টি কর্মএলাকায় সনাক ও ইয়েস সদস্যদের সহযোগিতায় মানববন্ধন, র‌্যালী, কার্টুন ও রচনা প্রতিযোগিতা, আলোচনা অনুষ্ঠান, পথ নাটক, মুক্তিযুদ্ধের আলোকচিত্র প্রদর্শনী ও দুর্নীতিবিরোধী শপথ গ্রহণসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**গণমাধ্যম যোগাযোগ**

**রিজওয়ান–উল–আলম**
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই–মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২